গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৬ উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলা একাডেমি কর্তৃক আয়োজিত একুশের বই মেলা ২০২৬ এ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জন্য বরাদ্দকৃত মাদকবিরোধী গ্যালারী/স্টল সজ্জিতকরণসহ স্টল পরিচালনার দায়িত্ব প্রদানের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ হাসান মারুফ, মহাপরিচালক |
| সভার তারিখ ও সময় | : | ২৪ ফেব্রুয়ারি ২০২৬, সকাল ১০:০০টা |
| স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-২)। |
| সভায় উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি গত ১৫/২/২০২৬ তারিখ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অনুযায়ী গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের একান্ত সহযোগিতা কামনা করেন। সভাপতি বলেন, বাংলা একাডেমী কর্তৃক আয়োজিত একুশের বইমেলায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অপারেশনাল কার্যক্রম, চিকিৎসা ও পুনর্বাসন সংক্রান্ত কার্যক্রম, নিরোধ শিক্ষা কার্যক্রম এবং কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারের কার্যক্রমের সমন্বয়ে মেলায় আগত দর্শনার্থীদের মাঝে ব্যাপকভাবে প্রচারের লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুকূলে বাংলা একাডেমির পার্শ্ববর্তী লেনে স্টল বরাদ্দ প্রদান করা হয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জন্য বরাদ্দকৃত স্টলটি ৫টি ডেস্ক যথা: বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটের ডেস্ক, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের ডেস্ক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারের ডেস্ক, অপারেশনস্ অধিশাখার ডেস্ক এবং নিরোধ শিক্ষা অধিশাখার ডেস্ক থাকবে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ডেস্কগুলো সুন্দর ও আকর্ষনীয়ভাবে সজ্জিতকরণ এবং অন্যান্য কার্যাবলী সুষ্ঠুভাবে আয়োজন করা যায় সে বিষয়ে মতামত প্রদানের জন্য উপস্থিত সংশ্লিষ্ট সকল সকলের নিকট অনুরোধ জানান। সংশ্লিষ্ট সকলে তাদের গুরুত্বপূর্ণ মতামত ব্যক্ত করেন এবং তাদের মতামতের ভিত্তিতে সভায় নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কমকর্তা |
|---|---|---|---|
| ১ | স্টল সজ্জিতকরণ | বাংলা একাডেমী কর্তৃক আয়োজিত একুশের বইমেলায় বরাদ্দ প্রাপ্ত স্টলটি দৃষ্টিনন্দন ও আকর্ষণীয়ভাবে সজ্জিতকরণ করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক<br>২। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা<br>৩। উপপরিচালক (অপারেশনস্)<br>৪। উপপরিচালক, ঢাকা মেট্রো (উত্তর/দক্ষিণ), কার্যালয়<br>৫। উপপরিচালক, জেলা কর্যালয়, ঢাকা<br>৬। উপপরিচালক (কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র)<br>৭। সহকারী পরিচালক, ঢাকা মেট্রো (উত্তর)<br>৮। সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) |
| ২ | স্টল পরিচালনার দায়িত্ব বন্টন | **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জন্য বরাদ্দকৃত স্টল ৫টি ডেস্কে এ বিভক্ত থাকবে। যথা:**<br>**ক) অপারেশনাল কার্যক্রম সংক্রান্ত ডেস্ক :**<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অপারেশনাল কার্যক্রম, গোয়েন্দা তথ্য সংগ্রহ, মামলা উদঘাটন সংক্রান্ত তথ্য উপস্থাপন করবে। | ১। পরিচালক (অপারেশনস) |
| | | খ) বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট এর ডেস্ক:<br>মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত বিষয় এবং তাৎক্ষণিক অভিযোগের প্রেক্ষিতে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করবে। | ১। নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সিনিয়র সহকারী সচিব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |

| ক্রম | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কমকর্তা |
|---|---|---|---|
| | | **গ) কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারের বুথ:** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভিন্ন মামলায় উদ্ধারকৃত আলামতের রাসায়নিক পরীক্ষার পদ্ধতিসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় অন্তভূক্ত করে প্রদর্শণ করবে এবং আগত দর্শনার্থীদের অবহিত করবে। | ১। প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, ঢাকা |
| | | **ঘ) চিকিৎসা ও পুনর্বাসন সংক্রান্ত কার্যক্রমের বুথ:** মাদকাসক্ত রুগী ভর্তি সংক্রান্ত তথ্যসহ বেসরকারী মাদকাসক্তি নিরাময়-কেন্দ্রের তথ্য এবং ডোপটেস্ট সংক্রান্ত লিফলেট বিতরণ এবং কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে রোগী ভর্তির প্রসেস, উপস্থিত মাদকাসক্তি রোগি/পরিবার কে কাউন্সিলিং এ ব্যবস্থাকরণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যক্রম গ্রহণ। | ১। পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)<br>২। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা |
| | | **ঙ) নিরোধ শিক্ষা শাখার কার্যক্রম সংক্রান্ত বুথ:**<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত নিরোধ শিক্ষামূলক লিফলেট, স্টীকার, টিভিসি, নাটক-নাটিকা, থিমসং ইত্যাদি প্রদর্শণের জন্য কমপক্ষে ২টি কিয়স্ক স্থাপনের ব্যবস্থা করবে। | ১। পরিচালক (নিরোধ শিক্ষা) |
| ৩। | ডোপটেস্ট বিধিমাল ২০২৬ সংক্রান্ত লিফলেট তৈরি ও বিতরণ | সদ্য প্রকাশিত ডোপটেস্ট বিধিমালা ব্যাপকভাবে প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষ্যে আকর্ষণীয় ও সহজে বোধগম্য লিফলেট প্রস্তুত ও মেলায় আগত দর্শনার্থীদের মাঝে বিতরণের সিদ্ধান্ত হয়। | ১। অতিরিক্ত মহাপরিচালক<br>২। পরিচালক (নিরোধ শিক্ষা) |
| ৪। | স্টলে দায়িত্ব পালন | মেলা চলাকালীন মেলা শুরু থেকে বিকাল ৪টা পর্যন্ত এবং বিকাল ৪টা হতে মেলা শেষ হওয়া পর্যন্ত সার্বিক বিবেচনায় কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব বন্টন করে রোস্টার ডিউটি প্রদান করতে হবে। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা কর্তৃক প্রয়োজনীয় সংখ্যক জনবল সরবরাহের ব্যবস্থা করবে। | ১। পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)<br>২। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা<br>৩। প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, ঢাকা<br>৪। পরিচালক (নিরোধ শিক্ষা)<br>৫। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা<br>৬। উপপরিচালক, ঢাকা মেট্রো (উত্তর/দক্ষিণ) কার্যালয় |
| ৪। | নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণ | মেলায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জন্য বরাদ্দকৃত স্টলের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | ১। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা<br>২। উপপরিচালক, ঢাকা মেট্রো (উত্তর/দক্ষিণ), কার্যালয়<br>৩। সহকারী পরিচালক, জেলা কার্যালয়, ঢাকা |
| ৫। | আপ্যায়ন | মেলা চলাকালীন সময়ে ইফতার ও অন্যান্য তাৎক্ষণিক ব্যয় নির্বাহের জন্য পর্যাপ্ত বাজেট এর সংস্থান করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২। সহকারী পরিচালক (কমন সার্ভিস)<br>৩। সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) |
| ৫। | ফোকাল পয়েন্ট | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জন্য বরাদ্দকৃত স্টল এর যাবতীয় কার্যক্রমের বিষয়ে ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন উপপরিচালক (অপারেশনস্) এবং উপপরিচালক, ঢাকা মেট্রো (উত্তর) | ১। উপপরিচালক (অপারেশনস্)<br>২। উপপরিচালক, ঢাকা মেট্রো (উত্তর) |
| ৬। | বিবিধ | স্টল নির্মাণের জন্য সার্বক্ষণিকভাবে একটি টিম দায়িত্ব পালন করতে হবে। | ১। উপপরিচালক (অপারেশনস্)<br>২। উপপরিচালক (নিরোধ শিক্ষা)<br>৩। উপপরিচালক, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র<br>৪। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০২/২০২৬

(মোঃ হাসান মারুফ)
মহাপরিচালক
ফোন: +৮৮০২-২২৬৬৬৪৪০০

স্মারক নম্বর: ৫৮০১৩.২৩.০০৭.০০০০.০২.(খন্ড-৩)-১৯.৫০ তারিখঃ ২৪/০২/২০২৬

**বিতরণ (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :**

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃঃ আঃ অতিরিক্ত সচিব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ)
২. পরিচালক (প্রশাসন/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৪. প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৫. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা।
৬. অতিরিক্ত পরিচালক, গোয়েন্দা শাখা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৭. উপপরিচালক (.....................................................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয় / মেট্রো (উত্তর/দক্ষিণ) কার্যালয় /জেলা কার্যালয়/ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা।
৮. প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
৯. রেসিডেন্ট সাইক্রিয়াট্রিস্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা।
১০. সহকারী পরিচালক (.....................................................),মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয় / মেট্রো (উত্তর/দক্ষিণ) কার্যালয় /জেলা কার্যালয়/ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/অর্থ ও হিসাব, ঢাকা।
১১. সহকারী পরিচালক (স্টাফ অফিসার টু ডিজি), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. পরিদর্শক (.................................................),মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মেট্রো (উত্তর/দক্ষিণ) কার্যালয় / জেলা কার্যালয়/ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা।
১৩. উপপরিদর্শক/সিপাই (.....................................................),মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মেট্রো (উত্তর/দক্ষিণ) কার্যালয় / জেলা কার্যালয়/ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা।
১৪. মহাপরিচালক এঁর ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫. অতিরিক্ত মহাপরিচালক এঁর ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৬. অফিস কপি/মাস্টার ফাইল।

২৪-০২-২৬

(মাজহারুল ইসলাম)
পরিচালক (নিরোধ শিক্ষা)
ফোনঃ ০২-২২৬৬৬৪৪০৩